

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গৌরীপুর, ময়মনসিংহ।
www.gouripur.mymensingh.gov.bd
নিলাম বিজ্ঞপ্তি

স্মারক নং- ০৫.৪৫.৬১২৩.০০০.০৬.০০১.২৫-২২৭

তারিখ : ২৩/০২/২০২৫ খ্রি:


এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১২/০১/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত উপজেলা বালু ও মাটি ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার সোয়াই নদী পুনঃখনন এবং নদীর তীর সংরক্ষণ শীর্ষক প্রকল্পের আওতায় সোয়াই নদীর মইলাকান্দা/ সিধলা ইউনিয়নের উত্তোলিত মাটি উন্মুক্ত নিলামের উদ্দেশ্যে অনুমোদিত মাটি সরেজমিন তদন্ত করে বিক্রয়যোগ্য মাটির পরিমাণ নির্ধারণ করা হয়েছে। মাটি সংরক্ষিত স্থান গৌরীপুর উপজেলা মইলাকান্দা ইউনিয়নের মইলাকান্দা, নপাই, ডেংগা মৌজা, সিধলা ইউনিয়নের বেলতলী মৌজায় (ঘিটুয়ারীর পূর্ব পর্যন্ত) (ডান তীর ও বাম তীর)।

এমতাবস্থায় আগামী ০৩/০৩/২০২৫ইং তারিখ সোমবার বেলা ১১.৩০ ঘটিকায় গৌরীপুর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নিলাম কমিটির উপস্থিতিতে উত্তোলিত মাটি/বালু উন্মুক্ত/প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে। মাটি ক্রয়ে আগ্রহী ব্যক্তিগণ মাটির স্থান পরিদর্শন পূর্বক যথাসময়ে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	মৌজার নাম	মাটির পরিমাণ (ঘনমিটার)
০১	মইলাকান্দা	৫৪৭৬২.১২
০২	নপাই	৩১৮৬০.৬৩
০৩	ডেংগা	৫৫৩৪২.২৮
০৪	বেলতলী	৪৫৫৫০.৫৮

শর্তাবলী :

- ১। নিলাম ডাকে অংশগ্রহণকারীকে ডাকে অংশ গ্রহণের ১ ঘন্টা পূর্বে জামানত হিসেবে ডাকের ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা ফেরতযোগ্য) জমা প্রদান করতে হবে।
- ২। নিলাম ডাককারী উপস্থিত থেকে ডাকে অংশ গ্রহণ না করলে তার জামানত বাজেয়াপ্ত হিসেবে গণ্য হবে।
- ৩। সর্বোচ্চ ডাককারীর অনুকূলে নিলাম ডাক গ্রহণ করা হবে এবং তাকে নিলাম ডাক শেষ হওয়ার ০২(দুই) কর্মদিবসের মধ্যে ডাককৃত অর্থ পরিশোধ করতে হবে।
- ৪। অনুমোদিত ডাককারীর প্রস্তাবিত ডাকের উপর সরকার কর্তৃক আরোপিত ১০% আয়কর ও ১৫% ভ্যাট(ডাকে উল্লিখিত দরের অতিরিক্ত) প্রদান করতে হবে।
- ৫। নিলাম গ্রহিতাকে নিলাম সমাপ্তির ০৭(সাত)দিনের মধ্যে নিজ দায়িত্বে নিলামকৃত মাটি অপসারণ করতে হবে। ব্যর্থতায় তার ডাক বাতিল বলে গণ্য হবে।
- ৬। সরকারি স্বার্থে ডাক গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


২৭/০২/২৫

এম.সাজ্জাদুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি
গৌরীপুর, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১২৩.০০০.০৬.০০১.২৫-২৯/১(৫০)

তারিখঃ ২৩/০২/২০২৫খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

- ০১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ময়মনসিংহ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ (নিলাম কমিটির সভাপতি হিসেবে নিলামের সময় উপস্থিত থাকার অনুরোধ করা হলো)।
- ০৪। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নেত্রকোণা (নিলাম কমিটির সদস্য হিসেবে নিলামের সময় উপস্থিত থাকার অনুরোধ করা হলো)।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বিআইডব্লিউটিএ, ময়মনসিংহ (নিলাম কমিটির সদস্য হিসেবে নিলামের সময় উপস্থিত থাকার অনুরোধ করা হলো)।
- ০৬। উপজেলা কৃষি কর্মকর্তা, গৌরীপুর, (নিলাম কমিটির সদস্য হিসেবে নিলামের সময় উপস্থিত থাকার অনুরোধ করা হলো)।
- ০৭। অফিসার ইনচার্জ, গৌরীপুর থানা, গৌরীপুর, ময়মনসিংহ (নিলাম কমিটির সদস্য হিসেবে নিলামের সময় উপস্থিত থাকার অনুরোধ করা হলো)।
- ০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গৌরীপুর, ময়মনসিংহ (নিলাম কমিটির সদস্য হিসেবে নিলামের সময় উপস্থিত থাকার অনুরোধ করা হলো)।
- ০৯। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ (বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। সহকারী প্রোগ্রামার, গৌরীপুর, ময়মনসিংহ (বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, মহিলাকান্দা ইউঃ ভূমি অফিস, গৌরীপুর, ময়মনসিংহ (তাকে নিলাম ডাকের বিজ্ঞপ্তি ঢোল-সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারপূর্বক নিলাম ডাকের পূর্বে এ কার্যালয়কে অবহিতকরণ এবং নির্ধারিত তারিখ ও সময়ে নিলাম স্থলে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো)।
- ১২।
- ১৩। নোটিশ বোর্ড।


২৩/২/২৫

সুনন্দা সরকার প্রমা
সহকারী কমিশনার (ভূমি)

ও

সদস্য সচিব

উপজেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি
গৌরীপুর, ময়মনসিংহ।